

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে তালা দিলো ছাত্রদল

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৩:৪৩, ১ নভেম্বর ২০২৩



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিএনপি-জামায়াতের ডাকা অবরোধের দ্বিতীয় দিনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) প্রধান ফটকসহ ছয়টি ফটকে তালা ঝুলিয়ে দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। বুধবার (০১ নভেম্বর) সকাল

সাড়ে সাতটার দিকে প্রবেশ পথগুলোতে তালা ঝুলিয়ে দেওয়া হয় বলে জানা যায়। তবে তালা লাগানোর আধাঘণ্টার মধ্যেই সেগুলো খুলে ফেলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

প্রত্যক্ষদর্শী ও প্রবেশমুখগুলোতে দায়িত্বরত গার্ডের থেকে জানা যায়, সকাল সাড়ে সাতটার দিকে ছোট ছোট কয়েকটি দলে ভাগ হয়ে ছাত্রদল নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের ডেইরি গেইট (প্রধান ফটক), প্রান্তিক গেইট (জয় বাংলা গেইট), মীর মশাররফ হোসেন হল সংলগ্ন গেইট, বিশমাইল গেইট, ইসলামনগর গেইট ও আমবাগানের প্রবেশ পথে তালা ঝুলিয়ে দেন। এছাড়া গেরুয়ার প্রবেশমুখ সহ সকল গেইটেই ‘সর্বাত্মক অবরোধ’ শিরোনামে ব্যানার ঝুলিয়ে দিয়ে যায়। বিষয়টি জানতে পেরে প্রধান ফটকে উপস্থিত হয়ে সহকারী প্রক্টর মওনুদ আহমেদ নিরাপত্তা প্রহরীদের তালা ভেঙে ফেলার নির্দেশ দেন। পরে সকাল ৮টার দিকে তালা ভেঙে ফেলা হলে পুনরায় যানবাহন চলাচল স্বাভাবিক হয়। এছাড়া অন্যান্য ফটকগুলোতেও তালা লাগানোর আধাঘণ্টার মধ্যে ভেঙে ফেলা হয়েছে বলে নিশ্চিত করেছেন দায়িত্বরত নিরাপত্তা প্রহরীরা।

প্রধান ফটকে দায়িত্বরত আনসার সদস্য সাইফুল ইসলাম ও নিরাপত্তা প্রহরী শাহ আলম জানান, সকাল সাড়ে সাতটার দিকে অজ্ঞাত দুইজন এসে হঠাৎ করে গেইট বন্ধ করে তালা লাগিয়ে দেয়। কিছু বুঝে উঠার আগেই তারা চলে যায়। বিষয়টি কন্ট্রোল রুমে জানালে তালা ভেঙে ফেলতে বলে। আধাঘণ্টার মধ্যেই আমরা তালা ভেঙে ফটক খুলে দেই।

তালা লাগানোর সময় ছাত্রদলের মীর মশাররফ হোসেন হলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হোসেন, জোবায়ের আল মাহমুদ, নাইমুল হাসান কৌশিক, রেজাউল আমিন, সাহানুর রহমান, এম আর মুরাদ, রাজন মিয়া, নিশাত আব্দুল্লাহ, মুত্তাশিন ফুয়াদ, রাজু আলামিন প্রমুখ উপস্থিত ছিল বলে ছাত্রদল নেতাকর্মীরা জানায়।

বিএনপির ডাকা তিন দিনের দেশব্যাপী অবরোধ কর্মসূচি বাস্তবায়নের অংশ হিসেবে প্রবেশপথে তালা দিয়েছেন বলে জানিয়েছেন ছাত্রদলের এই নেতাকর্মীরা। এ বিষয়ে ছাত্রদল নেতা নাইমুল হাসান কৌশিক বলেন, সরকারের পতন না হওয়া পর্যন্ত আমরা রাজপথে মোকাবেলা করবো। আজকের এই কর্মসূচির মাধ্যমে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগকে ঝঁশিয়ার করে বলতে চাই ক্যাম্পাসে টেন্ডারবাজি, চাঁদাবাজি, মাদক ব্যবসা বন্ধ করে শিক্ষার সুন্দর পরিবেশ বজায় রাখুন। অন্যথায় তাদের রাজপথে সমুচিত জবাব দেয়া হবে।

ছাত্রদলের আরেক নেতা জোবায়ের আল মাহমুদ বলেন, কেন্দ্রঘোষিত কর্মসূচির অংশ হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদল এ কর্মসূচি পালন করেছে। একই সাথে ছাত্রলীগকে এই বার্তা দিচ্ছে যে অবিলম্বে তাদের সন্ত্রাসী কার্যক্রম বন্ধ না করলে সাধারণ শিক্ষার্থীদের নিয়ে জাবি ছাত্রদল দূবার্ব আন্দোলন গড়ে তুলবে।

এ বিষয়ে জানতে চাইলে সহকারী প্রক্টর মওনুদ আহমেদ বলেন, ব্যক্তিগত কাজে সকালে মীর মশাররফ হোসেন হলের গেইট দিয়ে বের হওয়ার সময় দেখি তালাবন্ধ। পরে ডেইরি গেইটে এসে সেখানেও তালা ও ছাত্রদলের ব্যানার ঝুলতে দেখতে পাই। পরে নিরাপত্তাকর্মীদের দ্রুত তালা ভেঙে ফেলতে বলেছি। বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম স্বাভাবিক করার জন্যই নিরাপত্তা অফিসকে দ্রুত সবগুলো তালা ভেঙে ফেলতে বলেছি।'

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ উল হাসান বলেন, ছাত্রদলের নেতাকর্মীরা ক্যাম্পাসের প্রবেশমুখগুলোতে তালা দিয়েছে বলে জেনেছি। কে বা কারা এই সময় ছিলো সেটি এখনও শনাক্ত করা হয়নি। যারা করেছে তারা অছাত্র হলে একরকম ব্যবস্থা নেয়া হবে। আর ছাত্রস্থ থাকলে বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।